

আল-মাদুন | Al-Ma'un | الْمَاعُون

আয়াতঃ ১০৭ : ৬

আরবি মূল আয়াত:

الَّذِينَ هُمْ يُرَآءُونَ ﴿٦﴾

অনুবাদসমূহ:

যারা লোক দেখানোর জন্য তা করে, — আল-বায়ান

যারা লোক দেখানোর জন্য তা করে, — তাইসিরুল

যারা লোক দেখানোর জন্য ওটা করে। — মুজিবুর রহমান

Those who make show [of their deeds] — Sahih International

৬. যারা লোক দেখানোর জন্য তা করে(১),

(১) এটা মুনাফিকদের অবস্থা। তারা লোক দেখানোর জন্যে এবং মুসলিম হওয়ার দাবী সপ্রমাণ করার জন্য সালাত পড়ে। কিন্তু সালাত যে ফরয, এ বিষয়ে তারা বিশ্বাসী নয়। ফলে সময়ের প্রতিও লক্ষ্য রাখে না এবং আসল সালাতেরও খেয়াল রাখে না। লোক দেখানোর জায়গা হলে পড়ে, নতুবা ছেড়ে দেয়। আর সালাত আদায় করলেও এর ওয়াজিবসমূহ, শর্ত ইত্যাদি পূর্ণ করে না। আসল সালাতের প্রতিই দ্রষ্টব্য না করা মুনাফিকদের অভ্যাস এবং শব্দের আসল অর্থ তাই। সালাতের মধ্যে কিছু ভুল-ভ্রান্তি হয়ে যাওয়ার কথা এখানে বোঝানো হয়নি। কেননা, এজন্যে জাহান্নামের শাস্তি হতে পারে না। এটা উদ্দেশ্য হলে (عَنْ صَلَاتِهِمْ) এর পরিবর্তে (فِي صَلَاتِهِمْ) বলা হত। সহীহ হাদীসসমূহে প্রমাণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর জীবনেও একাধিকবার সালাতের মধ্যে ভুলচুক হয়ে গিয়েছিল। [কুরতুবী, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৬। যারা লোক প্রদর্শন (করে তা) করে, [1]

[1] অর্থাৎ, এই শ্রেণীর লোকদের নিদর্শন এই যে, তারা লোক মাঝে থাকলে নামায পড়ে নেয়; নচেৎ তারা নামায পড়ার প্রয়োজনই বোধ করে না। অর্থাৎ, তারা কেবলমাত্র লোক প্রদর্শন করার জন্যই নামায পড়ে।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন